



বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০২১.১৮ (অংশ-২)-৭২৯

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪২৫  
২৬ নভেম্বর ২০১৮

বিষয়: ধর্মীয় সভা, ওয়াজ মাহফিল অনুষ্ঠানে সহায়তা প্রদান

সূত্র: নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৮.১৮-৬৯৪ তারিখ: ১৯ নভেম্বর ২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ধর্মীয় সভা, ওয়াজ মাহফিল বা উক্তরূপ জমায়েতের বিষয়ে একটি মহল বিভাস্তিমূলক প্রচারণা চালাচ্ছে। এ ধরনের অপপ্রচারের ফলে নির্বাচন কমিশন সম্পর্কে বিরুপ ধারণা সৃষ্টি, সামাজিক বিশ্বঙ্গলা ও আইনশৃঙ্গলা পরিস্থিতির অবনতি হওয়ার সম্ভাবনা থাকে। প্রকৃতপক্ষে ধর্মীয় সভা, ওয়াজ মাহফিল বা উক্তরূপ জমায়েতের বিষয়ে নির্বাচন কমিশন কোন নিষেধাজ্ঞা আরোপ করেননি। পূর্ব নির্ধারিত অথবা ইতোমধ্যে অনুমোদিত ধর্মীয় সভা, ওয়াজ মাহফিল বা উক্তরূপ জমায়েত অথবা অনুরূপ কোন অনুষ্ঠান আয়োজনে বাধা নেই। সুষ্ঠু ও শাস্তিগুর্ণভাবে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে এবং নির্বাচন পূর্ব পরিস্থিতি শাস্তিগুর্ণ রাখতে পূর্ব নির্ধারিত ধর্মীয় সভা, ওয়াজ মাহফিল বা উক্তরূপ জমায়েত ছাড়া নতুন কোন ধর্মীয় সভা, ওয়াজ মাহফিল বা উক্তরূপ জমায়েত অথবা অনুরূপ কোন অনুষ্ঠান নির্বাচনের পর অর্থাৎ ৩০ ডিসেম্বর ২০১৮ তারিখের পর আয়োজনের জন্য মাননীয় নির্বাচন কমিশন অনুরোধ জানিয়েছিলেন। সেইসাথে পূর্বনির্ধারিত ও বিশেষ বিবেচনায় ৩০ ডিসেম্বর ২০১৮ তারিখের মধ্যে অনুষ্ঠিত ধর্মীয় সভা, ওয়াজ মাহফিলে কোন প্রার্থী, রাজনৈতিক দলের সদস্য বা অন্য কেহ যেন কোন ধরনের নির্বাচনি প্রচারণা অথবা কারো পক্ষে বা বিপক্ষে কোন বক্তব্য প্রদান না করেন তার জন্যও মাননীয় নির্বাচন কমিশন বিশেষভাবে নির্দেশনা প্রদান করেছেন। এ লক্ষ্যে উক্তরূপ সভায়/জমায়েতে একজন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগের নির্দেশনা দেয়া হয়েছিল।

০২। উল্লিখিত প্রেক্ষাপটে ধর্মীয় সভা, ওয়াজ মাহফিল বা অনুরূপ জমায়েত সংক্রান্ত একটি শ্রেষ্ঠকাতর বিষয়ে অপপ্রচার রোধে এবং সামাজিক বিশ্বঙ্গলা ও আইনশৃঙ্গলা পরিস্থিতির অবনতির অপচেষ্টা নস্যাং করার লক্ষ্যে উক্তরূপ ধর্মীয় সভা/জমায়েত আয়োজনে সুত্রোল্লিখিত নির্দেশনার যোগসূত্রে ক্ষেত্র বিশেষে রিটার্নিং অফিসার (বিভাগীয় কমিশনার, ঢাকা অথবা বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম অথবা সংশ্লিষ্ট জেলা প্রশাসক) এর নিকট হতে অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার বা রিটার্নিং অফিসার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তার অনুমতি গ্রহণকরতঃ স্থানীয় পুলিশ কর্তৃপক্ষকে অবহিতকরণের জন্য মাননীয় নির্বাচন কমিশন নির্দেশনা প্রদান করেছেন। একই সাথে এ ধরনের অনুষ্ঠানে সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০০৮ এর ১১ বিধি প্রতিপালনপূর্বক কোন ধরনের রাজনৈতিক বক্তব্য বা কোন প্রার্থীর পক্ষে-বিপক্ষে বক্তব্য দেয়া যাবেনা মর্মেও মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন।

০৩। বর্ণিতাবস্থায়, মাননীয় নির্বাচন কমিশনের উল্লিখিত নির্দেশনা অনুসারে ধর্মীয় সভা, ওয়াজ মাহফিল বা উক্তরূপ জমায়েত অথবা অনুরূপ ধর্মীয় কোন অনুষ্ঠান আয়োজনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।

(ফরহাদ আহমেদ খান) ২৬/১১/২০১৮  
যুগ্ম সচিব (নিঃগঃ-২)

ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)  
০১৭১৫০০০৭৪৯ (মোবাইল)  
E-mail: forhadakecs2015@gmail.com

- ১। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
- ২। পুলিশ কমিশনার, .....মেট্রোপলিটন পুলিশ (সকল)
- ৩। জেলা প্রশাসক, .....জেলা (সকল) ও রিটার্নিং অফিসার
- ৪। পুলিশ সুপার, .....জেলা (সকল)
- ৫। জোনাল এক্সিকিউটিভ অফিসার, .....(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, .....উপজেলা (সকল) ও সহকারী রিটার্নিং অফিসার
- ৬। ..... ও সহকারী রিটার্নিং অফিসার
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, .....থানা (সকল)।

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

F:\AR.DAS ELECTION\11th Parliament Election\Complite Letter\Religious meeting-waz mahfil- 2018.doc

যোগাযোগঃ

ফোন: +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স: +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ Secretary@ecs.gov.bd

ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০২১.১৮ (অংশ-২)-৭২৯

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪২৫  
২৬ নভেম্বর ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যোষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব, ..... মন্ত্রণালয়/বিভাগ (সংশ্লিষ্ট)
৩. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা
৪. বিভাগীয় কমিশনার, ..... (সকল)
৫. সিন্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল ]
৬. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ এ বিষয়ে ইতোমধ্যে অনুমোদিত বিজ্ঞাপন প্রকাশের জন্য অনুরোধ করা হল ]
৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ..... (সকল)
৮. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ..... (সকল)
৯. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১০. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ..... এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১১. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১২. উপজেলা/থানা নির্বাচন অফিসার ..... (সকল)।

১২/১১/১৮  
( মোঃ আতিয়ার রহমান )

উপসচিব (নি:ব্য:ওস:-১)

ফোন: ৫৫০০৭৬১০, ফ্যাক্স: ৫৫০০৭৫৫৮

E-mail: sasemc1@gmail.com